জেলা বিএনপি’র উদ্যোগে ইসলাম আলী মাস্টারের দ্বিতীয় মৃত্যুবার্ষিকী পালন

মেহেরপুর জেলা বিএনপির প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক ইসলাম আলী মাস্টারের দ্বিতীয় মৃত্যুবার্ষিকী উপলক্ষে আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বিকালে পৌর ঈদগাহ সংলগ্ন জেলা বিএনপির কার্যালয়ে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সভায় সভাপতিত্ব করেন জেলা বিএনপির সহ সাংগঠনিক সম্পাদক কাজি মিজান মেনন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য ও পিচ এম্বাসেডর জাকির হোসেন।
অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সহ সভাপতি ওমর ফারুক লিটন, যুগ্ম সম্পাদক ফয়েজ মোহাম্মদ, যুবদলের সহ সাংগঠনিক সম্পাদক আলতাব হোসেন, নেতা আপেল, শিমুল, ছাত্রদলের সহ সভাপতি নাহিদ মাহাবুব সানি, সহ সাধারণ সম্পাদক ফরিদুল ইসলাম, নবিন দলের ভারপ্রাপ্ত সভাপতি উজ্জল হোসেন, সাধারণ সম্পাদক আনোয়ার হোসেন প্রমুখ।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন জেলা যুবদলের সদস্য মনিরুল ইসলাম মনি।

:নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে উন্মুক্ত পাঠগৃহ ও সামাজিক কল্যান সংস্থার আলোচনা সভা ও পুরুষ্কার বিতরণ

মেহেরপুরে উন্মুক্ত পাঠগৃহ ও সামাজিক কল্যাণ সংস্থার আয়োজনে বার্ষিক পুরুষ্কার বিতরণী, আলোচনা সভা ও সম্মাননা প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। শুক্রবার সকালে মেহেরপুর শিল্পকলা একাডেমি

এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উন্মুক্ত পাঠগৃহ ও সামাজিক কল্যাণ সংস্থার সভাপতি মোস্তাকুর রহমান তুষার। অনুষ্ঠানে বক্তব্য দেন জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক সাইদুর রহমান, অধ্যাপক নুরুল আহমেদ, ডা. আবুল বাশার, সাংবাদিক রুহুল কুদ্দুস টিটু, প্রফেসর খরচু ইসলাম, মীর রওজান আলি মনা, সুমনা রহমান।

অনুষ্ঠান শেষে সেরা পাঠকদের মাঝে পুরুষ্কার নিরতণ করা হয়।

সেই সাথে সিলন সুপার সিঙ্গার প্রতিযোগিতায় দেশের মধ্যে দ্বিতীয় রানার্সআপ হওয়ায় সুমনা রহমানকে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়।

অনুষ্ঠানটি সার্বিক সহযোগিতা করে মেহেরপুর আড্ডা সংগঠন।

আমঝুপিতে তিন ব্যবসায়ীর জরিমানা

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি বাজারে দুটি ওষুধের দোকান ও একটি মুদি দোকানে অভিযান চালিয়ে ৬হাজার টাকা জরিমানা আদায় করেছে ভ্রাম্যমাণ আদালত।

বুধবার দুপুর সাড়ে ১২টার এর সময় নির্বাহী ম্যাজিষ্ট্রেট মিথিলা দাস এ আদালত পচিালনা করেন। এসময় মেডিসিন কর্নার ৩ হাজার টাকা ও আলসেফা ২হাজার টাকা জরিমানা করা হয়। পরে আলা মার্কেট এ জাহিদের দোকনে অভিযান চালিয়ে চামড়াজাতকরণ লবন পাওয়ায় ১ হাজার টাকা জরিমানা করা হয়।
-আমঝুপি প্রতিনিধি

জীবননগরে ২৫০ বোতল ফেনসিডিলসহ ২ মাদক ব্যবসায়ী আটক

জীবননগর থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে ২৫০ বোতল ফেনসিডিলসহ দুইজনকে আটক করেছে পুলিশ। বুধবার সকালে পৌরসভার এলাকার সুবলপুর গ্রাম থেকে তাদের কে ফেনসিডিলসহ দুইজনকে আটক করা হয়।

আটকরবৃতরা হলেন জীবননগরের সুবলপুর গ্রামের শামসুল হকের ছেলে রাশেদুল ইসলাম ও মেদেনীপুরের জহুরুল হকের ছেলে সাইফুল ইসলাম।

জীবননগর থানার ওসি (তদন্ত) ফেরদৌস ওয়াহিদ বলেন, জীবননগর থানার অফিসার ইনচার্জ ওসি শেখ গনি মিয়ার নেতৃত্বে এসআই সিরাজুল আলম, এএসআই মিলন, আফিফ ও ইমামুল ইসলাম সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে বুধবার সকাল সাড়ে ৭ টায় অভিযান চালায়। এ সময় জীবননগর পৌরসভার সুবলপুর প্রাইমারি স্কুলের পাশের একটি ধানক্ষেত থেকে রাশেদুল ও সাইফুলকে ২৫০ বোতল ফেনসিডিলসহ আটক করা হয়।
তিনি আরো জানান, ফেনসিডিলসহ গ্রেফতার আসামিদের বিরুদ্ধে জীবননগর থানায় মামলার প্রস্তুতি চলছে।
- জীবননগর প্রতিনিধি

আমঝুপিতে মুক্তিযোদ্ধা আজের আলীকে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন

মেহেরপুর সদর উজেলার আমঝুপির ঈদগাহ পাড়ার মুক্তিযোদ্ধা আজের আলীর মরদেহ রাষ্ট্রযি মর্যাদায় দাফন করা হয়েছে।

বুধবার সকাল ১০ টার দিকে মরদেহের জানাযা অনুষ্ঠিত হয়। জানাযার আগে মরহুমদের মরদেহকে গার্ড অব অনার প্রদান করা হয়। পুলিশের একটি চৌকষ দল গার্ড অব অনার প্রদান করেন। এসময় বিউগলের করুণ সুর বেজে উঠে।

মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো: মাসুদুল আলম

রাষ্ট্রের পক্ষে সালাম গ্রহন করেন। এসময় সহযোদ্ধা মুক্তিযোদ্ধারা মরদেহে শেষ শ্রদ্ধা নিবেদন করেন। আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দিন চুন্নু উপস্থিত ছিলেন।

এর আগে মঙ্গলবার রাতে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮০ বছর। তিনি স্ত্রী, ২ মেয়ে সহ অসংখ্যা গুনাগ্রাহী রেখে গেছেন। -আমঝুপি প্রতিনিধি

গাংনীতে ডিজিটাল হাজিরায় অ্যানালগ দুর্নীতি

মেহেরপুরের গাংনী উপজেলার ১৪০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গত দুই মাস আগে কেনা হয় বায়োমেট্রিক হাজিরা মেশিন। প্রতিটি মেশিনের মূল্য ৬ হাজার টাকা করে হলেও ভাউচার দেখানো হয়েছে কোনটিতে ১২ হাজার আবার কোনটিতে ১৫ হাজার টাকা।

হিসাব মত ১৪০টি বিদ্যালয়ের মেশিন গুলোর দামহতো ৯ লাখ টাকা সেখানে অতিরিক্ত ১২ লাখ টাকা খরচ দেখানো হয়েছে।

আর এই অতিরিক্ত টাকাটা কয়েকটি ভাগে ভাগ করে পটেস্থ করা হয়েছে। অভিযোগ রয়েছে উপজেলা শিক্ষা অফিসার গুটি কয়েক শিক্ষক নেতা, বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও বায়োমেট্রিক ডিভাইস কোম্পানীর প্রতিনিধি এর সাথে জড়িত আছেন।

সরকার প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানকে ডিজিটাল শিক্ষা ব্যবস্থার আওতায় আনার লক্ষে শিক্ষা প্রতিষ্ঠান গুলোতে ডিজিটাল হাজিরা মেশিন স্থাপনের সিদ্ধান্ত নেয়। সে মোতাবেক চলতি বছর প্রতিটি বিদ্যালয়ে ¯◌িøপ বাবদ ৫০-৮০ হাজার টাকা বরাদ্ধ দেয়।

এই সুযোগকে কাজে লাগিয়ে একটি সিন্ডিকেট সরকারি টাকা লুটপাটের পায়তারায় ব্যাস্ত।

এদিকে দুইমাস আগে মেশিন গুলো স্থাপন করা হলেও এখন পর্যন্ত

যন্ত্র যোগ করতে হবে। সে যন্ত্রগুলো কিনতে আরও ৪ হাজার টাকা খরচ হবে।

দুর্নীতি হয়েছে স্বীকার করে নিয়ে ফজলে রহমান বলেন, তবে এই অতিরিক্ত টাকা গুলো দিতে হবে যারা মেশিন কেনার দুর্নীতির সাথে জড়িত তাদের। দুর্ণীতির বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া হয়েছে কিনা জানতে চাইলে তিনি বলেন, আমার কাছে কোন লিখিত ভাবে অভিযোগ আসেনি। তারপরও আমি বিষয়টি শুনেছি। যারা দুর্নীতির সাথে জড়িত তদন্ত করে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। এছাড়াও মেশিন গুলো চালু করতে যা খরচ হবে সে খরচ দুর্নীতির টাকা ফেরত দিয়ে পুশিয়ে দিতে হবে।

:মতুর্জা ফারুক রুপক

মুজিবনগরে আমন ধানের বাম্পার ফলনের সম্ভাবনা, দাম নিয়ে শঙ্কা

মেহেরপুুরের মুুুজিবনগর উপজেলার মাঠ জুড়ে এখন শুধু সোনালী রোপা আমন ধানের ঢেউ। ধানের মিষ্টি গন্ধে মুখরিত এলাকা। ধান গুলিতে সবুজ থেকে সোনালী রংয়ে রূপ নিয়েছে। আর কিছু দিন পরেই শুরু হবে রোপা আমন ধান কাটা।

অনাবৃষ্টির কারনে এ বছর রোপা আমন নিয়ে কৃষকের মনে কিছুটা আশঙ্কা থাকলেও শেষ পর্যন্ত এখন ধানের বাম্পার ফলনের সম্ভাবনা। মাঠের যে প্রান্তে দৃষ্টি দেয়া যায়না কেনো, ধানের রূপই বলে দিচ্ছে রোপা আমনে এবার আশানুরূপ ফলন হবে। তবে ধানের ভালো ফলন হলেও দাম নিয়ে হতাশায় আছেন এই অঞ্চলের কৃষকরা।

উপজেলা কৃষি অফিস সূত্রে জানা গেছে, এ বছর মুজিবনগর উপজেলায় ৩ হাজার হেক্টর জমিতে রোপা আমন ধানের চাষ হয়েছে। এই জমি থেকে প্রায় ৩ হাজার ৯ শ মেট্রিক টন চাউল উৎপাদন হবে বলে ধারনা করছে

উপজেলা কৃষি বিভাগ।

উপজেলার স্থানীয় কৃষকরা বলছেন, মুজিবনগর থানা উচুঁ ও কম বৃষ্টিপাতের এলাকা হওয়ায় এই অঞ্চলে অন্যানো ধানের চাষাবাদ তেমন হয়না। বেশিরভাগ মানুষ প্রকৃতির উপর নির্ভর করে শুধু বর্ষা মৌসুমে রোপা আমন ধানের চাষ হয়ে থাকে।

যদিও এ বছরের শুরুতে আবহাওয়া অনুকূলে থাকলেও ধানের ভরা মৌসুমে অনাবৃষ্টি ও খরার কারনে রোপা আমনের চাষ নিয়ে ছিলো হতাশা। তবে শেষ পর্যন্ত রোপা আমন ধানের আশানুরূপ ফলন হতে যাচ্ছে। এদিকে উৎপাদিত ধানের ন্যায্য মূল্য না থাকায় বাম্পার ফলনেও কৃষকের মনে রয়েছে হতাশার চিহ্ন।
উপজেলার মহাজনপুর গ্রামের ধানচাষী হাসিনা খাতুন মেহেরপুর প্রতিদিন কে বলেন, এ বছর আমরা উপজেলা কৃষি অফিসের পরামর্শ অনুযায়ী রোপা আমনের চাষ করেছি আল্লাহর রহমতে ধানও ভালো হয়েছে। তবে প্রতি বছর সরকার কর্তৃক ধানের মূল্য নির্ধারিত করে দিলেও তৃণমূল চাষী পর্যায়ে সঠিক মূল্য না পাওয়ায় চাষীদের লোকসান গুনতে হয়।

তাদের অভিযোগ, ‘সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে চাষী পর্যায়ে ন্যায্য মূল্যে ধান ক্রয় করলে বিগত দিনের ক্ষতি পুষিয়ে এই অঞ্চলের কৃষকরা কিছুটা লাভের মুখ দেখবে।’

বাগোয়ান গ্রামের ধানচাষী আনিসুর রহমান বলেন, প্রায় কৃষকই ব্যাংক ও বিভিন্ন এনজিও থেকে লোন নিয়ে রোপা আমনের চাষ করেছেন। বর্তমানে ধান উৎপাদনের ক্ষেত্রে যে টাকা ব্যয় হয় ধান বিক্রয় করে সে টাকা আয় হয় না। তাই এ বছর ধানের আশানুরূপ ফলন হলেও দাম নিয়ে কৃষকদের মনে সংশয় রয়েই গেছে ।

এ ব্যাপারে উপজেলা কৃষি অফিসার আনিসিজ্জামান খান মেহেরপুর প্রতিদিন কে বলেন, এ বছর মুজিবনগর উপজেলায় লক্ষমাত্রা কম জমিতে ধানের চাষ হয়েছে। কৃষি অফিসের পরামর্শে রোপা আমন ধানের চাষ করায় ফলনও আশানুরূপ ভালো হয়েছে।

দামের বিষয়ে তিনি বলেন, সরকার কর্তৃক ধানের ন্যায্য মূল্য নির্ধারণ করে দিলেও তৃণমূল কৃষকরা তা পায় না। আরও একটা কারন এলাকায় কোন মিল না থাকার কারনে ও কৃষকরা ন্যায্য দাম পায়না।

কৃষকদের নিকট থেকে ন্যায্য মূল্যে ধান ক্রয় করা হলে এই অঞ্চলের

কৃষকরা লভবান হবেন, পাশাপাশি আগামীতে রোপা আমন ধানের চাষ আরো বৃদ্ধি পাবে বলেও জানান তিনি।

রেজাউল করিম, মুজিবনগর

মুজিবনগরে ২৫ বোতল ফেন্সিডিল সহ একজন আটক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামে অভিযান চালিয়ে ২৫ বোতল ফেন্সিডিলসহ কামাল নামের একজনকে আটক করেছে ডিবি পুলিশ।

গত সোমবার রাতে আনন্দবাস গ্রামের ফরিদপুর এলাকা থেকে তাকে আটক করা হয়। আটক কামাল ওরফে অটো আনন্দবাস গ্রামের মৃত সলি বিশ্বাসের ছেলে।
মেহেরপুর ডিবি পুলিশের ওসি রবিউল ইসলাম জানান, গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামে অভিযান চালিয়ে কামাল নামের একজনকে আটক করা হয় । এসময় তার কাছে থেকে ২৫ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়। এ ব্যপারে মুজিবনগর থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।
- মুজিবনগর অফিস

আমঝুপি প্রজন্ম সংগঠনের বৃক্ষরোপন কর্মসূচী

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের বিভিন্ন সড়কের দু’পাশে, বিভিন্ন স্কুল, কলেজ, মাদরাসা, মসজিদ, কবরস্থানের পাশে আমঝুপ প্রজন্ম সংগঠনের উদ্যোগে ১০০টি বকুল গাছের চারা রোপন করা হয়েছে।

[illegible]

[illegible]

[illegible]
-[illegible]

[illegible]

[illegible]
[illegible]